

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপজেলা স্থায়ী কমিটি সভার কার্যবিবরণী :

সভাপতি : ডলি চৌধুরাণী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
তারিখ : ০৪/০১/২০২২ খ্রিঃ, সময় : সকাল ১১.০০ ঘটিকা।
আলোচ্য সূচী : (১) পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন;


- (২) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা;
(৩) বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করার জন্য উপজেলা শিক্ষা অফিসার ও কমিটির সদস্য সচিব জনাব মোহাম্মদ জবরুত খান কে অনুরোধ জানান।

(সভার উপস্থিতি: পরিশিষ্ট - ক দ্রষ্টব্য)

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১. পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন	সভার প্রারম্ভে সদস্য সচিব পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানোর পর উপস্থিত সকল সদস্য বিস্তারিত আলোচনায় অংশ নেন এবং পূর্ববর্তী সভার গৃহিত সিদ্ধান্তে কারোর কোন আপত্তি না থাকতে পূর্বের কার্যবিবরণী অনুমোদনের ব্যাপারে সকলে একমত প্রকাশ করেন।	আলোচনান্তে সর্বসম্মতি ক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন লাভ করে।	সংশ্লিষ্ট সকল সদস্য
২. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা।	উপজেলা শিক্ষা অফিসার ও কমিটির সদস্য সচিব মোহাম্মদ জবরুত খান বলেন, করোনা পরিস্থিতির কারণে বিদ্যালয় দীর্ঘদিন বন্ধ থাকায় অনেক শিক্ষার্থী ঝরে পড়েছে। মানসম্মত শিক্ষা নিশ্চিত করা দুরূহ হয়ে পড়েছে। তাই প্রাথমিক শিক্ষার সাথে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের বিশেষ করে বিদ্যালয় পরিচালনা কমিটি সদস্যদের প্রশিক্ষণ প্রদান অত্যন্ত জরুরী হয়ে পড়েছে। তাই, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম রাউন্ডের অর্থাৎ ২০২০-২১ অর্থ বছরের বরাদ্দ হতে প্রাথমিক শিক্ষার উন্নতি ও ঝরে পড়া রোধে এসএমসি সদস্যদের/ স্টেকহোল্ডারদের প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা রাখার জন্য কমিটির সভাপতি মহিলা ভাইস চেয়ারম্যান কে তিনি অনুরোধ জানান। সভায় উপস্থিত অন্যান্য সদস্যরা এতে একমত পোষণ করেন।	বিস্তারিত আলোচনার পর উপজেলা প্রকল্প বাছাই কমিটি ও উপজেলা পরিষদের অনুমোদন লাভের জন্য উপজেলা পরিষদে অত্র স্থায়ী কমিটির সুপারিশ সহ রেজুলেশন কপি দ্রুত প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।	সভাপতি ও সদস্য সচিব
৩. বিবিধ	দপ্তরের চলমান প্রকল্প গুলোর বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার ও কমিটির সদস্য সচিব সংক্ষেপে তুলে ধরেন। তাঁর দপ্তরের কাজ স্বাভাবিক ভাবে চলমান বলে তিনি জানান।		সদস্য সচিব

সভায় আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ডলি চৌধুরাণী)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপজেলা স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং- ১৫৬ (ক)

তারিখঃ ০৪/০১/২০২২ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৫। চেয়ারম্যান, ২ নং বাটনাতলী ইউনিয়ন পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৬। অফিস নথি।






(মোহাম্মদ জবরুত খান)
উপজেলা শিক্ষা অফিসার

ও
সদস্য-সচিব

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপজেলা স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর
প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি :

ক্র.নং	সদস্যগণের নাম ও পদবী	পদবী	স্বাক্ষর
১	মিসেস ডলি চৌধুরাণী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি	সভাপতি	
২	জনাব মো. তাজুল ইসলাম বাবুল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি	সদস্য	
৩	জনাব কয়াজুরী মহাজন, চেয়ারম্যান, ৩নং যোগ্যাছোলা ইউপি, মানিকছড়ি, খাগড়াছড়ি	সদস্য	
৪	উপজেলা রিসোর্স অফিসার, মানিকছড়ি, খাগড়াছড়ি	সদস্য	
৫	উপজেলা শিক্ষা অফিসার, মানিকছড়ি, খাগড়াছড়ি	সদস্য সচিব	